

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৭৬

আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

লেন্সুচড়াস্থিত কৃষি মহাবিদ্যালয়ে জাতীয় সম্মেলনে রাজ্যপাল  
কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তির ব্যবহারে উন্নত পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে এগিয়ে আসতে হবে



তারতের অর্থনীতিতে ও সমাজে কৃষির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাই কৃষি ও কৃষকদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছেন। আজ লেন্সুচড়াস্থিত কৃষি মহাবিদ্যালয়ে ইন্ডিয়ান ফাইটোপ্যাথোলজিক্যাল সোসাইটির (আইপিএস) উন্নত পূর্বাঞ্চল আঞ্চলিক সম্মেলন এবং একাডেমি ফর অ্যাডভান্সমেন্ট অব এগ্রিকালচারেল সায়েন্সের জাতীয় সম্মেলনের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু একথা বলেন। কৃষি মহাবিদ্যালয়ের অডিটোরিয়ামে আয়োজিত এই সম্মেলনের মূল বিষয়বস্তু হলো অ্যাডভান্সেস ইন ইনোভেটিভ টেকনোলজিস অ্যান্ড প্ল্যান্ট হেলথ ম্যানেজমেন্ট স্ট্রেটেজিস ইন কাইমেট রিসাইলেন্ট এগ্রিকালচার (AITPCRA-2024)। দু'দিনব্যাপী এই সম্মেলনের আয়োজন করেছে কৃষি মহাবিদ্যালয়, নয়াদিল্লি স্থিত ইন্ডিয়ান ফাইটোপ্যাথোলজিক্যাল সোসাইটি, পশ্চিমবঙ্গের কল্যাণীর একাডেমি ফর অ্যাডভান্সমেন্ট অব এগ্রিকালচারেল সায়েন্স। সহযোগিতায় রয়েছে ইন্ফলেন্স ডাইরেক্টরেট অব এক্সটেনশন এডুকেশন।

উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেন, কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তির ব্যবহারে উন্নত পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে এগিয়ে আসতে হবে। উন্নত প্রযুক্তি ব্যবহারের ফলে কৃষকগণ তাদের ফসল উৎপাদন অনেক বাড়াতে পারবেন বলেও রাজ্যপাল আশা প্রকাশ করেন। রাজ্যের কৃষির বিষয়ে তিনি বলেন, কৃষকদের আরও বেশি করে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। ত্রিপুরার কৃষকদের মশলা এবং হলুদ জাতীয় কৃষি উৎপাদনে আরও উৎসাহিত করতে হবে। দু'দিনের সম্মেলনের সাফল্য কামনা করে রাজ্যপাল আশা প্রকাশ করেন কৃষি বিজ্ঞানীগণ তাদের গবেষণালক্ষ জ্ঞান কৃষি ও কৃষকদের কল্যাণে ব্যবহার করবেন।

অনুষ্ঠান শুরুর আগে রাজ্যপাল কৃষি মহাবিদ্যালয় চতুরে নেরাম্যাক, নাবার্ড এবং কৃষি মহাবিদ্যালয়ের প্রদর্শনী মন্ডপগুলি পরিদর্শন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল সায়েন্টেফিক অ্যাবস্ট্রাক্ট এবং বুক অন সিরিয়েলস ডিজিজেস পাস্ট, প্রেজেন্ট অ্যান্ড ফিউচার প্রসপেক্টস আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেন। অনুষ্ঠানে বিসিকেভি-র ভিসি প্রফেসর গৌতম সাহা, একাডেমি ফর অ্যাডভান্সমেন্ট অব এগ্রিকালচারেল সায়েন্সের সভাপতি প্রফেসর ধরণীধর পাত্রা, ইন্ডিয়ান ফাইটোপ্যাথোলজিক্যাল সোসাইটির সেক্রেটারি ড. কাজল কুমার বিশ্বাস, নাবার্ডের জিএম অনীল এস কোটমিরে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন কৃষি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ প্রফেসর ড. দেবাশিস সেন। অনুষ্ঠানে বিভিন্ন রাজ্য থেকে আগত কৃষি বিজ্ঞানীদের সংবর্ধনা জানানো হয়। রাজ্যভবন থেকে আজ এ সংবাদ জানানো হয়।

\*\*\*\*\*